‘সুড়ঙ্গ’র মাধ্যমে পশ্চিমবঙ্গে যাবে আফরান নিশো

দেশের গণ্ডি পেরিয়ে পশ্চিমবঙ্গেও ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছেন ছোট পর্দার অভিনেতা আফরান নিশো। তার অভিনীত নাটক, ওয়েব সিরিজগুলো ব্যাপক দর্শকপ্রিয় হয়ে উঠেছে ওপার বাংলায়। সেসকল দর্শকের কথা মাথায় রেখে বাংলাদেশের পাশাপাশি নিশো অভিনীত প্রথম চলচ্চিত্র ‘সুড়ঙ্গ’ মুক্তি পাবে পশ্চিমবঙ্গের প্রেক্ষাগৃহেও।

ইতোমধ্যে বিষয়টি নিশ্চিত করেছে পশ্চিমবঙ্গের খ্যাতিমান প্রযোজনা ও পরিবেশক প্রতিষ্ঠান শ্রী ভেঙ্কটেশ ফিল্মস (এসভিএফ)। সিনেমার একটি পোস্টার প্রকাশ করে এসভিএফ কর্তৃপক্ষ ফেসবুকে লিখেছে, শিগগিরই বড় পর্দায় আফরান নিশো আসছে রায়হান রাফীর সবচেয়ে প্রতীক্ষিত সিনেমা ‘সুড়ঙ্গ’ নিয়ে। দেখা হবে সিনেমা হলে।

জানা গেছে, ভারতের সিনেমা বাংলাদেশে মুক্তি দিতে চাইলে সাফটা চুক্তি অনুযায়ী আমদানি করতে হয়। কিন্তু বাংলাদেশের কোনো সিনেমা ভারতে মুক্তি দিতে রাষ্ট্রীয় বা আইনি কোনো জটিলতা নেই। তাই ভারতের পরিবেশকেরা চাইলে বাংলাদেশের যে কোনো সিনেমা নিজদেশে মুক্তি দিতে পারেন। এ কারণে কোনো জটিলতা ছাড়াই ওপার বাংলার দর্শক আফরান নিশো অভিনীত এই সিনেমাটি দেখার সুযোগ পাবেন।

বিষয়টি নিশ্চিত করে নির্মাতা রায়হান রাফী বলেন, এটা সত্যিই ভীষণ আনন্দের খবর। ‘সুড়ঙ্গ’ কলকাতাসহ পশ্চিমবঙ্গের প্রেক্ষাগৃহগুলোতেও দেখা যাবে। আমরা আশা করছি সেখানে ভালো সাড়া পাব।

উল্লেখ্য, পর্দায় ‘সুড়ঙ্গ’ সিনেমায় নিশোর বিপরীতে দেখা যাবে তমা মির্জাকে। চরকি ও আলফা আইয়ের যৌথ প্রযোজনায় সিনেমাটি নির্মাণ করেছেন রায়হান রাফী। সেই সঙ্গে যৌথভাবে চিত্রনাট্য লিখেছেন নাজিম উদ দৌলা ও রায়হান রাফী।

ঈদের ছবি: টিজার-ট্রেলার আর লুকের প্রতিযোগিতা!

এবারের ঈদে রেকর্ড সংখ্যক ছবি মুক্তি পাচ্ছে। ছবি রিলিজের আগেই চলছে নানা রঙের পোস্টার, লুক, টিজার আর ট্রেলার প্রকাশের প্রতিযোগিতা।

হিমেল আশরাফের পরিচালনায় নির্মাতার প্রথম ছবিতে দেশের ফিল্ম সুপারস্টার শাকিব খানকে ছবি করলেন। এ নিয়ে বাড়তি কৌতুহল লক্ষ্য করা যাচ্ছে অনেক আগে থেকেই। ছবিটি নিয়ে সর্বশেষ একটি পোস্টারকে কেন্দ্র করে নেটিজেনদের ভেতরে ব্যাপক কৌতুহল ছড়িয়েছে।

পোস্টারে দেখা যায় ‘বৃদ্ধ’ অবয়বে শাকিব খান। এ পর্যন্ত এতো ছবি করার পরও এতটা ভিন্নভাবে কোনো পরিচালক শাকিব খানকে তুলে ধরেননি। এমনটাই সবাই মন্তব্য করছেন।

শাকিব খান তার ছবিতে একাধিক লুক ধারণ করেছেন ঠিকই, কিন্তু কারও ভাবনায় ছিল না। ঠিক এভাবে পোস্টারে ধরা দেবেন তিনি।

শাকিব খান বলেন, আমার কাছে কাজটাই তপস্যা। তাই সেভাবেই বিগত বছরগুলোর মতোই আমি দর্শকদের আনন্দ দিয়ে যাচ্ছি। এটা আমার কাছে কোনো চমক নয়, এটা দায়িত্ব।

প্রিয়তমা ছবির নির্মাতা হিমেল আশরাফ বলেন, প্রথম ছবিতে শাকিব খানকে পাওয়াটা সত্যিই অনেক ভাগ্যের। সেক্ষেত্রে আমি শুরুতেই অনেকখানি এগিয়ে। এই ছবিতে তার যে ডেডিকেশন দেখেছি। তা মুগ্ধ করেছে আমাকে।

একই সঙ্গে শাকিব খানের সাবেক দুই স্ত্রীর ছবিও মুক্তি পাচ্ছে। অপু বিশ্বাস ও বুবলী। যাদের সঙ্গে জুটি বেঁধে বিগত প্রায় দেড়যুগ ধরে রেকর্ড সংখ্যক ছবি উপহার দিয়েছেন শাকিব খান। তবে তিনজনই এবারে আলাদা আলাদা ছবি নিয়ে আসছেন।

অপু বিশ্বাস নির্মাণ করেছেন তার প্রযোজনায় ‘লাল শাড়ি’। সরকারি অনুদানে ছবিটি প্রযোজনা করেছেন অপু বিশ্বাস। অপু বলেন, আমি চেষ্টা করেছি, বাজেটের সঙ্গে সঙ্গতি রেখেই একটি ভালো ছবি নির্মাণ করছে। আমি মনে করি দর্শকরা আমাকে যারা ভালোবাসেন তারা

ছবিটা দেখে মুগ্ধ হবেন।

একই সঙ্গে অপু বিশ্বাস শাকিব খানের ‘প্রিয়তমা’ ছবিটিরও শুভেচ্ছা জানিয়েছে। অন্যদিকে বুবলী অভিনীত সর্বাধিক তিনটি ছবি মুক্তি পাচ্ছে এবারের ঈদে। চয়নিকা চৌধুরীর ‘প্রহেলিকা’, সৈকত নাসিরের ‘ক্যাসিনো’ ও মোহাম্মদ ইকবালের ‘রিভেঞ্জ’।
তবে শোনা যাচ্ছে, ‘রিভেঞ্জ’ ছবিটা ঈদে মুক্তি থেকে পিছিয়ে দেওয়ার সম্ভাবনা রয়েছে। তবে বুবলী গত ঈদে শাকিব খানের ছবির নায়িকা হিসেবে ছবিটির প্রমোশনে সরব থাকলেও এবারের ঈদে প্রিয়তমা ছবিটি নিয়ে কোনো ধরনের শুভেচ্ছাও দেননি। বরং একাধিক ইন্টারভিউতে শাকিবের কাছ থেকে নিজের প্রতারিত হওয়ার কথা বলেছেন।

এর বাইরে দীপংকর দীপনের ‘অন্তর্জাল’ মুক্তি পাচ্ছে এবারের ঈদে। যে ছবিতে সিয়াম, বিদ্যা সিনহা মীমসহ একাধিক তারকা অভিনয় করেছে। মুক্তি পাচ্ছে নিরব ও বুবলী জুটির ‘ক্যাসিনো’। এছাড়া এই ঈদে দারুণ এক কৌতুহল জুড়ে থাকছে আফরান নিশো অভিনীত চলচ্চিত্র ‘সুড়ঙ্গ’। পোড়ামন টু, পরাণ খ্যাত নির্মাতা রায়হান রাফির পরিচালনায় আফরান নিশোর এটি প্রথম চলচ্চিত্র।

টিভি নাটকে একচেটিয়া জনপ্রিয়তা পাওয়া তারকা আফরান নিশো বলেন, আমি কেবল শুরু করছি। তাই সবারই দোয়া চাই। তবে ইন্ডাস্ট্রিতে এখন বাংলা ফিল্ম নিয়ে দারুণ এক পজিটিভ আলোচনা তৈরি হয়েছে, এটা সবচেয়ে আনন্দের ব্যাপার। এভাবেই আমরা চলচ্চিত্রকে এগিয়ে নিয়ে যেতে পারবো।

অপুর উপস্থাপনায় নাচবেন বুবলী

‘ভোগে নয় ত্যাগেই আনন্দ’—এ থিমকে উপজীব্য করে বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) ঈদের জনপ্রিয় ম্যাগাজিন অনুষ্ঠান ‘আনন্দ মেলা’ এবারও সেজেছে বর্ণিল আয়োজনে।

অনুষ্ঠানটির উপস্থাপনায় থাকছেন চিত্রনায়ক ফেরদৌস ও চিত্রনায়িকা অপু বিশ্বাস। নাচ, গান, আড্ডা, নাটিকা— সবই থাকছে এ পর্বে।

কিংবদন্তি চিত্রনায়ক ফারুককে উৎসর্গ করে তার অভিনীত সিনেমার জনপ্রিয় তিনটি গানের কোলাজের সঙ্গে নাচবেন চিত্রনায়িকা দীঘি ও চিত্রনায়ক আদর আজাদ।

ফারুক অভিনীত ‘সব সখিরে পার করিতে’, ‘তুমি আমার মনের মাঝি’,‘তুমি ডুব দিওনা জলে কন্যা’ গান তিনটির কোলাজের সঙ্গে নাচতে দেখা যাবে তাদের। ‘আমার নাম মিস বুবলী’, ‘মেঘের নৌকা তুমি’ গানের কোলাজের সঙ্গে নাচবেন অভিনেতা মাহফুজ আহমেদ ও চিত্রনায়িকা বুবলী। ওয়ার্দা রিহাব ও তার দলের পরিবেশনায় থাকছে মডার্ন মিউজিক্যাল ড্যান্স।

আড্ডা পর্ব ‘একালের নায়ক সেকালের নায়িকা’য় অংশ নিয়েছেন এ প্রজন্মের তারকা ইমন ও রোশান এবং সেকালের নায়িকা অঞ্জনা ও নূতন। কণ্ঠশিল্পী ইসলাম উদ্দিন পালাকারের কণ্ঠে থাকছে লোকসংগীত। ব্যান্ড ওয়ারফেজ পরিবেশন করেছে ‘রক্তিম আকাশ স্তব্ধ সেখানে’ শিরোনামের নতুন একটি গান।

এ ছাড়া ‘এই পথ চলা দূর বহুদূর’ শিরোনামে মৌলিক গান গেয়েছেন সাব্বির, মিলন মাহমুদ, লিজা ও নিশিতা বড়ুয়া। তিনটি নাটিকায় অংশ নিয়েছেন শতাব্দী ওয়াদুদ, সুষমা সরকার, মাহমুদুজ্জামান মিঠু, আনন্দ খালেদ, সুজাত শিমুল। থাকছে বিশ্বসাহিত্য কেন্দ্র প্রতিষ্ঠায় অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদের ত্যাগ ও তার কর্মময় জীবনের ওপর বিশেষ প্রামাণ্যচিত্র।

আলিয়ার অ্যাকশন ঝলক যেন মিশন ইম্পসিবল

বলিউডে নিজের অভিনয় দক্ষতা দেখিয়ে এবার হলিউডে আসন গাড়তে চলেছেন অভিনেত্রী আলিয়া ভাট। ‘হার্ট অব স্টোন’ সিনেমার মাধ্যমে হলিউডে অভিষেক হতে যাচ্ছে আলিয়ার। আর শনিবার রাতে সিনেমার প্রথম ট্রেলার মুক্তির পর মিষ্টি মেয়ে আলিয়াকে এক ঝলক দেখেই ভক্তরা তার প্রশংসায় ভাসছেন । ৪৩ সেকেন্ডের টানটান অ্যাকশনধর্মী এই ট্রেলার দেখে অনেকটা ‘মিশন ইম্পসিবল’-এর কথা মনে পড়ছে অনেকের।

টাইমস অব ইন্ডিয়া এবং হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, রবিবার মুক্তি পেয়েছে আলিয়া ভাটের প্রথম হলিউড সিনেমা ‘হার্ট অব স্টোন’ এর ট্রেলার।

জানা যায় ভারতীয় সিনে দুনিয়ায় এই সিনেমাকে ঘিরে উন্মাদনা তৈরি হয়েছে আলিয়ার জন্যই। এর আগে একটি সাক্ষাৎকারে এই ছবিতে অভিনয়ের প্রসঙ্গে আলিয়া বলেছিলেন, ‘হলিউডে আমার প্রথম কাজ। ইংরেজি ছবি করার অভিজ্ঞতা। তার উপর আমি অন্তঃসত্ত্বা। চ্যালেঞ্জটা সেখানেই ছিল। কারণ, ‘হার্ট অব স্টোন’ অ্যাকশন ফিল্ম। দৌড়ঝাঁপ করতে হয়েছে। তবে ইউনিটের সবাই সব কিছু এত সহজ করে দিয়েছিলেন বলেই সম্ভব হয়েছে। নির্বিঘ্নে, আরামে কাজ শেষ করেছি। যে আতিথেয়তা ও যত্ন পেয়েছি, আমি কখনও ভুলব না।’

ছবিতে সিআইএ এজেন্টের চরিত্রে দেখা যাবে অভিনেতা গেল গ্যাডটকে। তিনি বলেছেন, ‘হার্ট অফ স্টোন দুর্দান্ত হতে চলেছে। একেবারে অ্যাকশন থ্রিলারে মোড়া এই ছবি। এমনভাবে এই ছবি তৈরি করা হয়েছে, যাতে দর্শকরা বাস্তবের সঙ্গে মিল খুঁজে পান।’

অন্যদিকে এই সিনেমায় কেয়া ধাওয়ানের চরিত্র অর্থাৎ আলিয়া একজন হ্যাকারের চরিত্রে অভিনয় করবেন। এই প্রথম তিনি কোনও ভরপুর অ্যাকশন ছবিতে রাফ অ্যান্ড টাফ লুকে ধরা দিতে চলেছেন। তিনি বিশ্বশান্তি ভঙ্গ করতে উঠে পড়ে লেগেছেন।

ময়ূরাক্ষীর গল্পটা দারুণ: ববি

সেন্সর সনদ পেল চিত্রনায়িকা ইয়ামিন হক ববি অভিনীত সিনেমা ‘ময়ূরাক্ষী’। নির্মাতা রাশিদ পলাশ জানিয়েছেন মুক্তির জন্য ছাড়পত্র পেয়েছে তার পরিচালনায় নির্মিত এ সিনেমাটি। কবে নাগাদ মুক্তি দেওয়া হবে জানতে চাইলে তিনি বলেন, আগামী কুরবানি ঈদের পরপরই সিনেমাটি মুক্তির পরিকল্পনা রয়েছে। এ সিনেমার গল্প লিখেছেন গোলাম রাব্বানী।

নির্মাতা বলেন, ‘ঈদে অনেক ছবির ভিড়ে আমাদের সিনেমা মুক্তি দিকে চাই না। তাই ঈদের পর মুক্তির পরিকল্পনা করেছি। শিগগিরই তারিখ

ঘোষণা করব আমরা।’

এ সিনেমায় প্রধান চরিত্রে অভিনয় করেছেন ববি। তিনি বলেন, ‘ময়ূরাক্ষীর গল্প দারুণ। কাজও বেশ আরামে করেছি। সিনেমাটি সেন্সর সার্টিফিকেট পেয়েছে শুনে বেশ ভালো লাগছে। মুক্তি পেলে দর্শকদের ভালো লাগবে-এটা বলতে পারি।’

এ সিনেমা ছাড়াও ববি অভিনীত ‘বৃদ্ধাশ্রম’ নামে আরও একটি সিনেমা মুক্তির প্রতীক্ষায় রয়েছে। এটি পরিচালনা করেছেন সংগীতশিল্পী এসডি রুবেল। পাশাপাশি অভিনয়ও করেছেন নির্মাতা। এ ছাড়াও ঢাকা ও কলকাতায় আরও কিছু সিনেমার কাজ করছেন ববি। নতুন কাজের কথাও শিগ্গির প্রকাশ করবেন বলে জানিয়েছেন তিনি।

সূত্র: যুগান্তর

ওটিটি প্ল্যাটফর্মে কিছু নিয়ম চালু প্রয়োজন: প্রসেনজিৎ

প্রসেনজিৎ চট্টোপাধ্যায়। সিনেমার দুনিয়ায় এক নামেই তাঁকে সকলে চেনেন। টলিপাড়া বলে তিনিই ‘ইন্ডাস্ট্রি’। সেই সিনেমার দুনিয়ার মানুষ প্রসেনজিৎ চট্টোপাধ্যায় সম্প্রতি পা রেখেছেন ওটিটির পর্দাতেও। সেখানেও নিজের জাত চিনিয়েছেন এই অভিনেতা।

সম্প্রতি এক সাক্ষাৎকারে প্রসেনজিৎ চট্টোপাধ্যায় বলেন, বর্তমানে গল্প বলার একটা দারুণ মাধ্যম ওটিটি। এই মাধ্যমে এখন প্যান ইন্ডিয়া মানের গল্প উঠে আসছে। এটা সমস্ত পরিচালকের কাছেই একটা দারুণ সুযোগ। এখানে এখন আর শুধুই যৌনতা আর হিংসা দেখানো হচ্ছে না। ওটিটিতে আজকাল বড় বড় প্রোজেক্টও হচ্ছে। তবে ওটিটির জন্য বিশেষ কিছু নিয়ম জারি করা প্রয়োজন।

তিনি বলেন, ভারতে এখন বহু সিনেমা, সিরিজ, শো তৈরি হচ্ছে। শুধুই হিন্দি, বাংলা, পাঞ্জাবি, তামিল, তেলুগু বা মারাঠি নয়, সর্বভারতীয় স্তরে কাজ হচ্ছে। আমি হয়ত মুম্বাই কিংবা পঞ্জাবে বসে

কাজ করছি, অথচ আমার অভিনীত সিরিজ, সিনেমা গোটা দেশ দেখতে পাচ্ছে। এমন অনেক গল্প আছে যেগুলো সিনেমায় পুরোটা, ঠিকভাবে বলা হয়ে ওঠে না। সেক্ষেত্রে ওটিটি একটা দুর্দান্ত প্ল্যাটফর্ম। এটা এমন একটা মাধ্যম, যেটা আজ হচ্ছে, চাইলে কেউ সেটা ২০ বছর পরও দেখতে পাবেন।

বিক্রমাদিত্য মোতওয়ানের ‘জুবিলি’ ও হানসাল মেহতার ‘স্কুপ’, দুটিই তুলনামূলক ভারী বিষয়বস্তু নিয়ে তৈরি ওয়েব সিরিজ। যেখানে প্রশংসিত হয়েছে প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের অভিনয়। পাশাপাশি ওয়েব সিরিজের দুটিও প্রশংসিত হয়েছে।

সূত্র: ইত্তেফাক

‘পারমাণবিক বোমার জনক’ হয়ে আসছেন পিকি ব্লাইন্ডার্স তারকা

আমেরিকান তাত্ত্বিক পদার্থবিজ্ঞানী রবার্ট ওপেনহাইমার। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় লস অ্যালামোস ল্যাবরেটরির পরিচালক ছিলেন এবং ম্যানহাটন প্রকল্পে ভূমিকার জন্য তাকে ‘পারমাণবিক বোমার জনক’ হিসাবে কৃতিত্ব দেওয়া হয়। বলা হয়ে থাকে, তিনিই গবেষণার অংশ হিসেবে প্রথম পারমাণবিক অস্ত্র তৈরি করেছিলেন।

আর সেই রবার্ট ওপেনহাইমারের জীবনের দুঃসাহসিক নানা অভিজ্ঞতা নিয়েই চলচ্চিত্র নির্মাণ করেছেন বিখ্যাত লেখক ও পরিচালক ক্রিস্টোফার নোলান। সিনেমার নাম ‘ওপেনহাইমার’। ২১ জুলাই মুক্তি পাবে প্রেক্ষাগৃহ যুক্তরাজ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে।

সিনেমাটিতে প্রধান চরিত্রে অভিনয় করছেন ‘পিকি ব্লাইন্ডার্স’ ধারাবাহিকের তারকা সিলিয়ান মারফি। তিনি বলেছেন, পারমাণবিক বোমার পিতার চরিত্রে অভিনয় করা ‘ভয়ঙ্কর এবং উত্তেজনাপূর্ণ’।

অভিনেতা সিলিয়ান মারফিকে ২০২১ সালের সেপ্টেম্বরে ওপেনহাইমার চলচ্চিত্রে প্রধান চরিত্রে অভিনয়ের প্রস্তাব দেওয়া হয়।

সম্প্রতি এম্পায়ার ম্যাগাজিনের সঙ্গে এক সাক্ষাৎকারে সিলিয়ান মারফি বলেন, আশা করি সবকিছু ভালো হবে। এই ধরনের ব্যক্তির (রবার্ট ওপেনহাইমার) চরিত্রে অভিনয় করা সবসময়ই কঠিন বিষয়।

পুলিৎজার পুরস্কার বিজয়ী উপন্যাস ‘আমেরিকান প্রোমিথিয়াস: দ্য ট্রায়াম্ফ অ্যান্ড ট্র্যাজেডি অফ জে রবার্ট ওপেনহেইমার’ থেকে নেওয়া হয়েছে এই চলচ্চিত্র। যে সময়টিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র সরকার ‘বৈশ্বিক সংঘাতের দ্রুত অবসান ঘটাতে সক্ষম’ একটি অস্ত্র তৈরির জন্য লড়াই করে।

তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্টের নির্দেশে জেনারেল লেসলি গ্রোভস (ম্যাট ডেমন) ড. ওপেনহাইমারকে দেশের সর্বশ্রেষ্ঠ বুদ্ধিজীবীদের একত্রিত করার জন্য বলা হয়। ইতিহাসের গতিপথ পরিবর্তন করতে নেওয়া হয় এমন উদ্যোগ।

ড. ওপেনহাইমার তার ম্যানহাটন প্রকল্পের লক্ষ্যগুলো বাস্তবায়নের পরে শেষ পর্যন্ত নিজের ভয়ানক সৃষ্টির জন্য অবশ্য আফসোস করেছিলেন। তিনি বলেছিলেন, ‘কিছু লোক কেবল বিশ্বকে জ্বলতে দেখতে চায়।’

কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করা সিলিয়ান মারফি বলেন, ড. ওপেনহাইমার একটি বিভাজনমূলক চরিত্র। তিনি খুব কঠিন ও জটিল চরিত্র, যা অনেকটাই অজানা। এটি একজন পুলিশ অফিসারের চরিত্রে অভিনয় করার চেয়ে আলাদা।

তিনি বলেন, আমি মনে করি এটি একটি অপরিহার্য সিনেমাটিক অভিজ্ঞতা। এতে এমন কিছু মুহূর্ত রয়েছে যা মানুষের ঢাকনা উড়িয়ে দেবে।

সিলিয়ান মারফি ছাড়াও সিনেমাটিতে অভিনয় করছেন হলিউডের এ-লিস্টের গুরুত্বপূর্ণ অনিনেতা-অনিনেত্রী। যাদের মধ্যে রয়েছেন, ম্যাট ডেমন, এমিলি ব্লান্ট, রবার্ট ডাউনি জুনিয়র, ফ্লোরেন্স পুগ, জোশ হার্টনেট, মাইকেল অ্যাঙ্গারানো, কেনেথ ব্রানাগ, রামি মালেক, অ্যালডেন এহরেনরিচ, ডেভিড ডাস্টমালচিয়ান, ডেন ডিহান, জ্যাক কোয়াইড, ম্যাথিউ মোডিন, ডিলান আর্নল্ড এবং ডেভিড ক্রুমহোল্টজের মতো তারকারা।

ক্রিস্টোফার নোলান তার স্ত্রী এমা থমাস ও চার্লস রোভেনের সঙ্গে যৌথভাবে চলচ্চিত্রটি প্রযোজনা করেছেন।

১০ দিনব্যাপী চলচ্চিত্র উৎসব শুরু আজ

বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে বৃহস্পতিবার (৮ জুন) শুরু হচ্ছে ১০ দিনব্যাপী ‘চলচ্চিত্র সংসদকর্মীদের নির্মিত চলচ্চিত্র উৎসব ২০২৩’। বাংলাদেশে চলচ্চিত্র সংসদ আন্দোলনের ৬০ বছর ও ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ অব বাংলাদেশ প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষে বছরব্যাপী উদযাপনের অংশ হিসেবে এ আয়োজন করা হয়েছে।

গত ৬০ বছরে বাংলাদেশের চলচ্চিত্র সংসদকর্মীদের নির্মিত চলচ্চিত্রের মধ্য থেকে নির্বাচিত চলচ্চিত্র নিয়ে অনুষ্ঠিত হবে ১০ দিনব্যাপী এই উৎসব।

বৃহস্পতিবার সন্ধ্যা ৬টার দিকে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে হবে উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান। উৎসব উদ্বোধন করবেন বরেণ্য চলচ্চিত্রকার ও চলচ্চিত্র সংসদকর্মী মসিহউদ্দিন শাকের ও সৈয়দ সালাহউদ্দিন জাকী। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। স্বাগত বক্তব্য দেন ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ অব বাংলাদেশের সাধারণ সম্পাদক বেলায়াত হোসেন মামুন, শুভেচ্ছা বক্তব্য দেন বরেণ্য চলচ্চিত্রকার মোরশেদুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন চলচ্চিত্র সংসদকর্মী কাইজার চৌধুরী।

কিংবদন্তী শিল্পী এসএম সুলতানের জন্মশতবর্ষের প্রতি শ্রদ্ধা জানিয়ে উৎসবের উদ্বোধনী চলচ্চিত্র হিসেবে প্রদর্শিত হবে তারেক মাসুদ নির্মিত প্রামাণ্যচিত্র ‘আদম সুরত’।আরও থাকছে নির্মাতা মোরশেদুল ইসলাম নির্মিত ‘চাকা’। আগামীকাল প্রদর্শিত হবে ‘সূর্যকন্যা’, মেঘের অনেক রং’, ‘শিল্পাচার্য’, ‘চাক্কি’ ও ‘ঘুড্ডি’।

১০ জুন দেখানো হবে ‘আহা’, ‘সূর্য দীঘল বাড়ি’, ‘মুক্তির গান’ ও ‘সে’ সিনেমাগুলো। ১১ জুন প্রদর্শিত হবে ‘রীনা ব্রাউন’, ‘আধিয়ার’, ‘রোকেয়া’ ও ‘কালীঘর’। ১২ জুন ‘শঙ্খনাথ’, ‘ধড়’, ‘গেরিলা’, ‘ডুব সাঁতার ও ইতি সালমা, ১৩ জুন ‘স্বপ্ন ডানায়’,

‘মেঠোপথের গান’, ‘মেঘমল্লার’, ‘আগামী’ ও ‘কুড়া পক্ষীর শূন্যে উড়া’, ১৪ জুন প্রদর্শিত হবে ‘সেই রাতের কথা বলতে এসেছি’, ‘জন্মসাথী’, ‘চন্দ্রাবতী কথা’, ‘শিরোনামহীন’, ‘ভুবন মাঝি’, ও ‘মিছিলের সুখ’।

জানা গেছে, ১০ দিনব্যাপী এই উত্সবে ৪৩টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। তার মধ্যে ২২টি পূর্ণদৈর্ঘ্য সিনেমা, ১৩টি প্রামাণ্যচিত্র এবং ৮টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র। উত্সবের প্রদর্শনী অনুষ্ঠিত হবে প্রতিদিন বিকেল ৩টা, বিকেল ৫টা ৩০ মিনিট এবং সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে। উৎসবটি সবার জন্য উন্মুক্ত।

সূত্র: ইত্তেফাক

‘নিজের কাজে সৎ থাকলে দর্শকরাও ফেরায় না ’

ইন্ডাস্ট্রিতে নিজের কাজের প্রতি আত্মবিশ্বাস আর চেষ্টাটাই চিত্রনায়ক সিয়ামকে আজ এ পর্যন্ত নিয়ে এসেছে। তাই কোনো ঘরানায় বন্দি থাকেননি তিনি। মডেলিং আর টিভি নাটকে যখন তুমুল ব্যস্ততায় সিয়ামের দিনরাত তখন সিনেমার জন্য নিজের মেধা-শ্রম ব্যয় করবেন বলেই এই ফিল্ম ইন্ডাস্ট্রিতে আত্মনিয়োগ করার জন্য মনস্থির করলেন। ঐ সময়ের জন্য সিয়ামের এই সিদ্ধান্ত কিন্তু বেশ ঝুঁকিপূর্ণ ছিল। কারণ মডেলিং ও নাটকে সিয়াম তখন প্রমাণিত ও ভীষণ জনপ্রিয়। সিনেমাকে ভালোবেসেই তার এই ফিল্ম অবগাহন।

সিয়াম যখন ফিল্ম ইন্ডাস্ট্রিতে যাত্রা শুরু করেন তখন কিন্তু নব্বই দশকের ইন্ডাস্ট্রির মতো এত সুবিধা ছিল না। ছিল না অগণিত ছবির শুভমুক্তি। হাজারের ওপরে সিনেমা হল! যেখানে একটি বা দুটি মুভি ক্লিক করলেই নিজেকে টিকিয়ে রাখা যেত। তবুও অনেকেই বলার চেষ্টা করেন, জাজ মাল্টিমিডিয়ার সাপোর্ট সিয়ামের জন্য বড় এক সৌভাগ্যের দরজা খুলে দিয়েছে। সিয়াম একাধিক ইন্টারভিউতে বলেছেন, ‘আমাকে আসলে প্রতিটি জায়গাতেই নিজেকে প্রমাণ করতে হয়েছে। জাজ মাল্টিমিডিয়া বড় প্লাটফর্ম এটা সত্য। তবে আমি, রায়হান রাফি, পূজা

চেরী সকলেই আমাদের প্রথম ছবিতে একেবারেই নতুন ছিলাম। সেই জায়গায় আমি বলবো, পরিশ্রমের কোনো বিকল্প নেই। নিজের কাজের প্রতি সৎ ছিলাম বলেই দর্শকরাও ফেরায়নি আমাকে।’

এবারের ঈদে দীপংকর দীপনের ‘অন্তর্জাল’ ছবিতে আসছেন সিয়াম আহমেদ। পোড়ামন থেকে অন্তর্জাল খুব অল্প সময়ের ক্যারিয়ারে সিয়ামের ঘরে এখন দু-দুটি জাতীয় চলচ্চিত্র পুরস্কার। চলচ্চিত্র বোদ্ধারা অনেকেই বলেন সিয়ামের ‘মৃধা বনাম মৃধা’ ছবিটি তার ক্যারিয়ারের সেরা অভিনয়। যে ছবির মাধ্যমে প্রথমবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার পান তিনি।

চলচ্চিত্রের বর্তমান চ্যালেঞ্জ মূলত সিনেমা হলে দর্শক ফেরানোর ক্রেজ তৈরি। বিনোদনের নানা খোরাকের সময় আজ সিয়ামদের জন্য তাই এটি কঠিন পরীক্ষা। কারণ এক সময়ের মান্না, জসিম বা সালমান শাহদের আজকের দুনিয়ার মতো এত এত বিনোদন মাধ্যমকে ফেস করতে হয়নি। এ প্রসঙ্গে সিয়াম বলেন, ‘আমি খুব আশাবাদী একজন মানুষ। আমাদের দেশের মানুষের মতো আন্তরিক ও কৌতুহলি কম রয়েছেন। তাদেরকে একটু ভালো গল্প আর প্রডাকশন দিলে তারাও দারুণ জবাব দেন। এটা অতীতেও দেখে আসছি। তাই সময়কে বা দর্শককে দোষ দিয়ে লাভ নেই। বরং আমাদের নিজেদেরকে আরো সুগঠিত হতে হবে। এই ইন্ডাস্ট্রিটা আমাদের সকলের। তাই সবাইকে এক হয়েই মোকাবেলা করতে হবে।’

সূত্র: ইত্তেফাক

ইন্ডাস্ট্রিতে পূর্ণিমাই আমার সবচেয়ে ভালো বন্ধু: ফেরদৌস

প্রথমবারের মতো সরকারি অনুদানের সিনেমায় এক সঙ্গে অভিনয় করেছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত দুই নায়ক-নায়িকা ফেরদৌস ও পূর্ণিমা। ছটকু আহমেদ পরিচালিত এ সিনেমার নাম ‘আহারে জীবন’। এরইমধ্যে ফেরদৌস ও পূর্ণিমা এ সিনেমার কাজ শেষ করেছেন। তারও আগে প্রায় শেষ করেছেন নঈম ইমতিয়াজ নেয়ামুলের পরিচালনায় ‘গাঙচিল’ ও ‘জ্যাম’ সিনেমার কাজ।

এ জুটির তিনটি সিনেমাই এখন রয়েছে মুক্তির অপেক্ষায়। ‘গাঙচিল’ নির্মিত হয়েছে ওবায়দুল কাদেরের উপন্যাস অবলম্বনে। অন্যদিকে ‘জ্যাম’ প্রযোজনা করেছে প্রয়াত নায়ক মান্নার প্রযোজনা সংস্থা কৃতাঞ্জলী। এদিকে গত ঈদে পূর্ণিমা অভিনীত প্রথম ওয়েব সিরিজ ‘হোটেল রিল্যাক্স’ও এরইমধ্যে বেশ আলোচনায় এসেছে। এতে অভিনয়ের জন্যও প্রশংসিত হচ্ছেন পূর্ণিমা। এটি নির্মাণ করেছেন কাজল আরেফিন অমি।

তিনটি সিনেমা প্রসঙ্গে ফেরদৌস বলেন, ‘ইন্ডাস্ট্রিতে পূর্ণিমাই আমার সবচেয়ে ভালো বন্ধু। আমাদের মধ্যে পারিবারিক সম্পর্ক অটুট সবসময়। পূর্ণিমার সঙ্গে এর আগেও বেশ কিছু সিনেমাতে কাজ করেছি। সেগুলো দর্শকপ্রিয়তা পেয়েছে। মুক্তির অপেক্ষায় যে তিনটি সিনেমা রয়েছে প্রত্যেকটি সিনেমারই কিন্তু গল্প এককথায় অসাধারণ। আমাদের দুজনেরই চরিত্রে যেমন রয়েছে বিচিত্রতা, লুকেও ভিন্নতা আছে। চেষ্টাও করেছি নিজেদের চরিত্র সুন্দর করে ফুটিয়ে তুলতে। আশা করা যায় সিনেমাগুলো মুক্তি পেলে দর্শক মুগ্ধ হবেন।’

পূর্ণিমা বলেন, ‘সত্যি বলতে কি ফেরদৌসের সঙ্গে সিনেমাতে অভিনয় করলে শতভাগ কম্পোর্ট জোনে কাজ করা যায়। যেহেতু আমার বন্ধু ফেরদৌস, তাই নিজেদের মতো করেই সবকিছু গুছিয়ে সিডিউল দিয়ে কাজটা ভালোভাবে করা যায়। ‘আহারে জীবন’, ‘গাঙচিল’, ‘জ্যাম’—তিনটি সিনেমা আমরা বেশ আন্তরিকতা নিয়ে সম্পন্ন করেছি। আমিও ভীষণ আশাবাদী সিনেমাগুলো নিয়ে।’

সম্প্রতি পূর্ণিমা তার বিবাহবার্ষিকী উদ্যাপন করেছেন। গত ১৫ মে ছিল চলচ্চিত্রে পূর্ণিমার ২৫ বছর পূর্তির দিন। আর ফেরদৌস আপাতত টানা কয়েকদিন পরিবারকেই একটু বেশি সময় দিবেন। কারণ তার বড় মেয়ে নুজহাতের পরীক্ষা চলছে। এর পরপরই তিনি সৈয়দ ওয়াহিদুজ্জামান ডায়মন্ডের ‘দখিন দুয়ার’ সিনেমার শুটিংয়ে অংশ নিবেন।

সূত্র: ইত্তেফাক